প্রভু — শরীর ত্যাগ করা এবং এগিয়ে যাওয়া, হঁয় আমরা পারব যদি আমরা জানি কিভাবে তা করতে হয়। এই শরীরকে ফেলে রেখে পরলোকে যাওয়ার অনেকরকম পদ্ধতি আছে। কেউ বেশিদূর যায় না, কেউ খুব দূরে যায় আবার কেউ বা শেষ পর্যন্ত যায়। তাই আমার যখন বয়স কম ছিল আমি এই বিষয়ে বিভিন্ন রকম গবেষণা করেছি যদিও আমাকে তখন তরঙ্গী দেখাচ্ছে আপনারা জানেন তখন কিন্তু আমি তরঙ্গী ছিলাম। এখনে আমাদের পদ্ধতিটি সব থেকে ভালো এবং এই পদ্ধতি দ্রুতম প্রাপ্ত পর্যন্ত প্রযোজ্য। অন্য অনেক পদ্ধতি আছে যদি আপনি তার অভিজ্ঞতা লাভ করতে চান, করতে পারেন। বাজারে অনেক আছেন কেহ যান অ্যাধ্যাত্মিক জগতে, কেহ যান আরো দূরে তৃতীয় বা চতুর্থলোকে, কিন্তু খুব বেশি লোক পঞ্চমলোকে যেতে পারেন না। তাই আমাদের পদ্ধতি, আমাদের প্রথা হলো তোমাকে মুক্তি দেওয়ার আগে তোমাকে পঞ্চমলোকে নিয়ে যাওয়া এর ওপারে পঞ্চমলোক পার হয়ে বিভিন্ন ঐশ্বরিক বিষয়ের দিকে আমরা অগ্রসর হতে পারি কিন্তু সেটা সব সময় আনন্দের হয় না।

আমরা সবসময় ভাবি যত উপরের স্তরে যাওয়া যায় ততই ভালো। কিন্তু এটা সবসময় ঠিক না। যেমন আমরা কখনও কখনও খুব সুন্দর স্থানে যাই, গুরুর বাসগৃহে আমাদের আমন্ত্রণম জানোনো হয় আমরা সেখানে উপবেশন করি, আমাদের দেওয়া হয় শীতল পানীয়, ভাল ভাল খাদ্য ও আরও অনেক কিছু। তারপর আমরা ভাবি আমরা বাড়ীর ভিতরে গিয়ে কিছু দেখব। আপনি যদি সাহস করে অবর্জনার মধ্য দিয়ে ভিতরে যান আপনি অনেক কিছুই জানতে পারেন। সব সময় এর খুব দরকার নেই। আপনারা জানেন বাড়ীর পিছনে

একটা ঘর আছে যেখানে বিদ্যুৎ তৈরী হয়। সেখানে গেলে আমরা তড়িতাহত হই ও মারা যাই। তাই সব সময় আরও গভীরে যাওয়ার কথা বলা যায় না, দরকারও নেই। কিন্তু অভিজ্ঞতা লাভের জন্য সেটা আমরা করতে পারি। ঠিক তো?

প্রশ্ন — প্রভু চিঙ হাই, আমার দুটো প্রশ্ন আছে। একটা হোলো যদি আপনি গত জীবনের কথা জানতে চান কোন্ জগৎ থেকে গত জীবনের স্মৃতি আসে দ্বিতীয়টি অতীত জীবনের সঙ্গে কর্মফল কিভাবে যুক্ত?

প্রভু — আপনার বর্তমানের সঙ্গে। আপনার কর্মের সঙ্গে।

প্রশ্ন — বর্তমান কর্মের সঙ্গে, বর্তমান ধীশক্তির সঙ্গে এগুলো কি বাড়তি বোঝার অংশ?

প্রভু — হাঁ, হাঁ এদের মধ্যে সম্পন্ন আছে। প্রথম প্রশ্ন হোলো অতীত কর্মফল আসে কোথা থেকে?

প্রশ্ন — গতজীবনের স্মৃতি থেকে, তাই না?

প্রভু — এটা নিশ্চিত যে আপনার বিগত জীবনের কথা আপনি জানতে পারেন। এবং আমি আপনাকে বলেছি যে অতীত জীবনে তথ্য আসে পূর্বসংক্ষিত তথ্য থেকে। এটা হোলো দ্বিতীয় লোকের একটা লাইব্রেরীর মত। যারা সেখানে যায় তারই সেখানে প্রবেশ করতে পারে। সবাই সম্মিলিত রাষ্ট্রপুঞ্জের লাইব্রেরীতে প্রবেশ করতে পারেন না, কিন্তু আজ অন্তত আমি পারবো কারণ আমি এখানে আমন্ত্রিত হয়েছি সম্মিলিত রাষ্ট্রপুঞ্জে কিছু বলার জন্য। ঠিক তো? সবাই এখানে আসতে পারেন না, কিন্তু আপনি পারেন কারণ আপনি এখানকার একজন বাসিন্দার মতো। হ্যাঁ, আমরা যখন প্রথম লোকে প্রবেশ করি তখন আমরা পূর্বজীবনের কিছু কিছু জানতে পারি। কিন্তু খুব গুরুত্বপূর্ণ কিছু না, বা সম্পূর্ণ কোন চিরণও নয়। এটা হোলো, অতীত জীবনের অভিজ্ঞতার সঙ্গে বর্তমান জীবনকে খাপ খাওয়ানোর একটা প্রচেষ্টা। অনুরূপভাবে অতীত জীবনের ভয়াবহ অভিজ্ঞতা আপনাকে ভয় পাইয়ে দেবে যখন আপনি দেখবেন বর্তমানের কোন লক্ষণ পূর্বজীবনে মত একইরকম। যেমন দেখুন — দুর্দলিত্বে যদি আপনি এই নিঁড়ি থেকে অন্ধকারে পড়ে

যান এবং অত্যন্ত আঘাত পান এবং অন্য কেহ আপনাকে কোন সাহায্য না করে তাহলে যখনই এই সিঁড়ি দিয়ে নীচে নামবেন তখনই আপনার ভয় করবে বিশেষ করে যখন নীচে অঙ্ককার নাকরে তখন আপনি ভাববেন — নীচে যাবো কি যাবো না । পূর্বজন্মে যদি আপনি কোনও গভীর বৈজ্ঞানিক বিষয়ে গবেষণা বা পড়াশুনা করে থাক, এ জীবনে আপনি এবিষয়ে অত্যন্ত আগ্রহ বোধ করবেন । এটা একরকম চীনা কথার জড়তা দূর করার ব্যবস্থা (হাসে) । আমি দৃঢ়খিত, আমার ইংরাজী কি আপনারা ভালো বুঝতে পারছেন? (শ্রোতাগণ — হ্যাঁ) ঠিক আছে, আপনাদের ধন্যবাদ । তাহলে আপনারা এখনও বিজ্ঞান গবেষণার প্রতি আগ্রহ অনুভব করছেন যদিও আপনার কোন বৈজ্ঞানিক নন । এই রকম কোনও জিনিষ — মোজার্ট ছিলেন এইরকম এক প্রতিভা যখন তাঁর বয়স ছিল মাত্র চার বছর । তিনি সরাসরি পিয়ানো বাজাতে গেলেন এবং এখনও তিনি একজন বিখ্যাত শিল্পী । তিনি একজন প্রতিভা ছিলেন । কারণ প্রভু হওয়ার পূর্ব পর্যন্ত পূর্ব জীবনগুলিতে তিনি যোগ অভ্যাস করেছিলেন । তারপর তাঁর মৃত্যু হয় । তিনি জীবনের শ্রেষ্ঠত্বের চূড়ায় পৌঁছাবার আগেই মারা যান । এবং এই জীবন ত্যাগ করে তিনি সন্তুষ্ট ছিলেন না, কারণ তিনি সঙ্গীত ভালোবাসতেন । তাই তাঁর পূর্ণজন্ম হয় এবং অতীত সঙ্গীত প্রতিভার সবকিছুই সঙ্গে নিয়ে আসেন । কারণ মৃত্যুকালে সঙ্গীত সাধনা চালিয়ে যাওয়ার তাঁর প্রবল ইচ্ছা ছিল । এই সমস্ত লোকেদের কেউ কেউ দ্বিতীয়লোক বা আধ্যাত্মিক লোক থেকে অনেক জিনিস শিক্ষা করেছিলেন এবং সেটা পূর্ণর্জন্মের আগে । সেইজন্য তাঁর অশ্চর্যভাবে বিজ্ঞান, সঙ্গীত, সাহিত্য প্রভৃতি বিষয়ে প্রতিভা সম্পন্ন । অন্য লোকেরা এটা জানত না । একধরণের অত্যন্ত আসাধারণ আবিষ্কার যা অন্য লোকেরা বুঝতেও পারতেন না । এমনকি আবিষ্কারের কল্পনাও করতে পারতেন না । তাঁরা পেরেছেন কারণ তাঁরা এগুলো দেখেছেন বা শিখেছেন । তাহলে এই পৃথিবীর অতীত জগতে দুই ধরণের শিক্ষা আছে । যারা প্রতিভাবানদের মত দৈবশক্তি সম্পন্ন তাঁরা লোকাতীত দক্ষতা নিয়ে আসেন । যাকে বলা হয় আধ্যাত্মিক বা দ্বিতীয়লোক এবং কখন কখন ইচ্ছা করলে তৃতীয়লোক থেকেও তিনি আসতে পারেন । এরই হলেন প্রতিভাবান । বুঝলেন?

প্রশ্নঃ — আপনার দীক্ষা বলতে কি বোঝায় । এবং দীক্ষা নেওয়ার পর

দেনন্দিন জীবনে কিছু করতে হয় ?

প্রভুঃ — প্রথমতঃ এটা দেওয়া হয় বিনামূল্যে এবং এর জন্য কোন বিধিনিষেধ নই। শুধু আপনার আত্মসংযম দরকার। যদি আপনি আরো এগিয়ে যেতে চান। ই শত্রু — কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই, কোন যোগ সম্পর্কেও বা জপ তপ সম্পর্কে পূর্বের কোন জ্ঞানের প্রয়োজ নেই তবে আপনাকে আজীবন নিরামিয়ত্বেজী হতে হবে। ডিম নয় দুধ, পনীর। যাতে প্রাণী হত্যা না হয় এমন যে কোন জিনিষ। ডিম নয় কারণ এতে অর্ধেক প্রাণী হত্যা করা হয়। এছাগা এর এমন একটা প্রভাব আছে যার দ্বারা নিষিদ্ধ শক্তিকে আকর্ষণ করে। আপনারা জানেন সেইজন্যওই সাদা বা কালো চামড়ার যাদুকরদের অনেকে মোহবিষ্ট লোকেদের কিছু কিছু প্রতিভার আকর্ষণ করে নেওয়ার জন্য ডিম ব্যবহার করতেন। এটা আপনারা জানেন না জানেন না ? আপনারা জানেন — চমৎকার। অবলিষ্ঠে জ্ঞান বা বোধ না দিতে পারলেও আমি তাৎক্ষণিক প্রমাণ তো দিতে পারবো (হাসে)। এবং দীক্ষার পর বা দীক্ষার সময় আপনি ঐশ্বরিক জ্যোতি বা ঐশ্বরিক শব্দ দেখতে বা শুনতে পান। আপনার আত্মার শক্তি আপনাকে চেতনের উচ্চতর স্তরে নিয়ে যায়। আপনি সমাধি কি বুঝতে পারবেন, — যা হল গভীর শান্তি ও আনন্দ, তারপর আপনি ঘরে এসে যোগ অভ্যাস করতে থাকেন এবং আপনি যদি এ বিষয়ে আস্তরিক হন আর যদি না হল আমি আপনাকে জোর করব না বা বিরক্ত করব না। যদি আপনি এটা চালিয়ে যান এবং আমার সাহায্য চান তাহলে আমি সেটা দিয়ে যাব। আর যদি অপনি সেটা না চান তাহলে তাও ভালো। দিনে দু-আড়ই ঘণ্টার জপ-তপ সকালে ঘূর থেকে উঠুন, শোবার আগে দু-ঘণ্টা জপ-তপ করুণ, দুপুরে খাওয়ার সময়ও আধঘণ্টা করা যেতে পারে। সকালবেলায় একঘণ্টা আগে উঠুন, আপনার জীবনকে আরো নিয়ন্ত্রিত করুণ। টি. ভি. কম দেখুন গল্পগুজব, টেলিফোন করা, খবরের কাগজ পড়া কমান তাহলে আপনি অনেক সময় আছে কিন্তু আমরা সেটার অপচয় করি। ঠিক যেমন আমাদের গাড়ি লং - আইলাণ্ডেয়াওয়ার বদলে পিছনদিকে যায়। এতে কি আপনি সন্তুষ্ট ? হ্যাঁ, হ্যাঁ, আর কিছু নেই, আপনার জন্য কোন শর্ত নেই, কেবল আজীবন এইরকম জপ-তপকরে যান এবং আপনাদের প্রত্নেকেই ভালো কিছু পরিবর্তন, অলৌকিক কিছু ভালো জিনিসের অভিজ্ঞতা পাবেন যেটা আপনি চাননি.

বুঝলেন? অঅর এটা ঘটবেই। এবং তখন আপনি সত্যি সত্যি বুঝবেন এই পৃথিবীতে স্বর্গ কি। অবশ্য যদি আপনি এ বিষয়ে সত্যি সত্যি আগ্রহী হন। এইভাবেই আমার হাজার হাজার শিষ্য এখন চালিয়ে যাচ্ছেন এবং অনেক বছর পরে আমার কাছে আসেন কারণ তাদের আরও ভুয়ো-দর্শণ হয়েছে আর তারা আগ্রহ সহকারে যোগ অভ্যাস চালিয়ে যাচ্ছেন।

প্রশ্ন ৮— হ্যাঁ, ডাইনে, পিছনদিকে ঐ ভদ্রলোক, আপনি প্রথমে বলুন (প্রভু হাসলেন)।

প্রভুঃ— অনুগ্রহ করে চেতনের প্রকৃতি সম্পর্কে কিছু বলুন। ঠিক আছে এটার ব্যাখ্যা করা কঠিন। কিন্তু এটা কল্পনার জন্য নিজের বোধশক্তিকে ব্যবহার করতে পারেন। এটা আগের থেকে ভালো জানেন এবং সেটো হচ্ছে লোকাত্মাত কিছু। আর এই জগতের কিছু আপনি জানেন যা আপনি আগে জানতেন না। আপনি অনেক কিছুই বোঝেন যা আগে বোঝেননি, এটাই হচ্ছে চেতন। যখন আপনার এই চেতনের বা তথাকথিত জ্ঞানের উম্মেষ ঘটে, আপনি বুঝতে পারেন, আপনি সত্যিই কে, কেন আপনি এখানে আছেন। এই লোকের অঙ্গীতলোকে কি আছে এবং এই পার্থিব বা অধিবাসী ছাড়াও আর কি আছে। হ্যাঁ অনেক কিছুই আছে। সুতরাং চেতনের স্তর হচ্ছে এক ধরণের বোধের পরিমাণ। ঠিক যেমন কলেজে স্নাতক হওয়া। স্নাতক স্তর পর্যন্ত আপনি যতই পড়েন ততই জানতে পারেন। কিন্তু তাতে কি আপনি তৃপ্তি। বস্তু নিরপেক্ষ কোন জিনিস ব্যাখ্যা করা কঠিন কিন্তু আমি চেষ্টা করছি। এটা হচ্ছে এধরণের সচেতনতা এই সচেতনাকে ব্যাখ্যা করা কঠিন। যখন আপনি চেতনার বিভিন্ন আপনি বিভিন্ন জিনিস দেখেন, বিভিন্ন জিনিস অনুভব করেন, আপনি পরম শাস্তি, পরম সুখ অনুভব করেন। আপনার থাকে না কোন উদ্যোগ আপনার দৈনন্দিন জীবন হয় স্বচ্ছল, কিভাবে বিভিন্ন সমস্যা ভালোভাবে সমাধান করা যায় তা আপনি জানেন, ইহা ইতিমধ্যেই আপনার শারীরিক উন্নতি ঘটায়। আপনি অন্তরে যা অনুভব করেন তা কেবল আপনিই বোঝেন, এদের ব্যাখ্যা দেওয়া কঠিন যেমন আপনি যে মেয়েকে ভালোবাসেন তাকে বিয়ে করলেন, এতে কি অনুভূতি হয় তা আপনিই বোঝেন। আপনার হয়ে অন্য কেউ এটা অনুভব করতে পারে না।

প্রশ্ন ৯— আমাদের যে অন্তর্দৃষ্টি দিলেন তার জন্য ধন্বাদ কিছু আমি আবক হচ্ছি এই ভেবে যে আপনি আমাদের বিবেকের কাছে আলো দান করছেন।

আজকাল পৃথিবীতে তত সব ধর্মগুরু আমাদের তত তাড়াতাড়ি শেখার দিচ্ছেন  
কেন অথচ অতীত অবস্থাটা ছিল সম্পূর্ণ আলাদা, আপনি কি এই বিষয়ে কিছু  
বলতে পারেন।

প্রভুঃ—হ্যাঁ, অবশ্যই, কারণ আমাদের কময় যোগাযোগ ব্যবস্থাটা ছিল খুব  
ভালো তাই আমরা প্রভুদের সম্পর্কে আরো ভালো করে জানতাম। অতীতে  
এভু কেউ ছিলেন না, প্রভুরা ছিল দুর্লভ অবশ্য এটা ঠিক যে কিছু কিছু প্রভু  
অন্যদের থেকে সহজেই কথা বলা যেত। এটা নির্ভর করতো তার পছন্দ তার  
দেওয়ার ইচ্ছা তো সাধারণ লোকের সঙ্গে তার সম্বন্ধের উপর। কিন্তু তখন  
যেকোন যুগে সবসময় এক, দুই, তিন, চার, পাঁচ বা ততোধিক প্রভু থাকতেন।  
সেটা নির্ভর করত তার সময়ের চাহিদার উপর আমরা তখন বিভিন্ন গুরুর  
অস্তিত্ব সম্পর্কে সচেতন। যদিও তারা বিভিন্ন পর্যায়ের। কারণ এ যুগে আমরা  
ভাগ্যবান, আমাদের আছে বিভিন্ন গণমাধ্যম আছে টেলিভিশন আছে বেডিওর  
ঘোষণা, আর আছে বই, যা আমরা খুব দ্রুত লক্ষ্য লক্ষ্য করি ছাপতে দিই।  
প্রাচীনকালে, আমরা যদি একটা বই ছাপতে চাইতাম, তাহলে প্রথমে  
আমাদের একটা বড় গাছ কাটতে হত। তারপর সেকালে এবং কুড়ুল নিয়ে  
তাকে কাটতে হোতো। পাথর বা অন্য কোন জিনিস দিয়ে তাকে পালিস করা  
হত এবং তারপর একটার পর একটা শব্দ খোদাই করা হত। যখন তুমি পুরো  
এটা বাইবেলকে স্থানান্তর করতে চাইতে তাহলে বিরাট একটা কাহিনীর দরকার  
হত। সেখালে যদি ট্রাক থাকত তাহলে বড় বড় ট্রাক লাগত। সেইজন্য সে যুগে  
ছিল অনেক প্রভু। এটা ছিল খুব ভাল কথা এবং খুব ভাগেওর কথা। কারণ  
আপনি যা চান তা দেখে শুনে বেছে নিতে পারতেন কেউ আপনাকে ঠকিয়ে  
বলতে পারবে না যে আমি সবথেকে ভাল গুরু। আপনার জ্ঞানবুদ্ধি ব্যবহার  
করে আপনি তুলনা করতে পারতেন এবং বিচার করতে পারতেন এটা বেশ  
ভার এবং আমি এটা বেশী পছন্দ করি। মুখগুলো দেখতে ভয়ঙ্কর এবং কংসিত  
(হাসলেন)।

প্রশ্নঃ—আপনি যখন দেখেশুনে নেওয়ার কথা বললেন তখন আপনি কি  
মনে করেন যে আপনি দীক্ষিত কোন একজন বাঙ্গিকে অন্য একজন গুরুকে  
কি দীক্ষা দিতে পারেন।

প্রভুঃ—স হচ্ছি স্বত্ত্বাত বিশ্বাস কর হচ্ছে হচ্ছে উচ্চতরের নিম-

যাওয়ার জন্য আমি বেশী উপযুক্ত তাহলে আমি তাকে দীক্ষা দেব। তা না হলে একজন গুরুকে বিশ্বাস করা এবং তাঁর প্রতি বিশ্বস্ত হওয়া অনেক বাল। যদি আপনি বিশ্বাস করেন যে আপনার গুরুই ভাল তাহলে তাকে পবিবর্তন করবেন না এবং যদি আপনি মনে করেন যে আপনি এখনও জ্ঞান আলোক বা জ্ঞানবাণী এখনও পাননি তাহলে আপনি একবার চেষ্টা করে দেখতে পারেন। কারণ জ্ঞান। আলোক হচ্ছে সেই মাপকাঠি যা দিয়ে প্রকৃত গুরুকে জানা যায়। যদি কেউ আপনাকে তাৎক্ষণিক জ্ঞান, আলোক দান করতে না পারেন তিনি কোন গুরুই নন। আমি দুঃখের সঙ্গে একথা বলছি। স্বর্গের পথ স্বর্গীয় আলো ও স্বর্গীয় সঙ্গীত দিয়ে সাজানো। যেমন আপনি সাগরে ভূব দিতে চান তাহলে আপনাকে গ্যাস মুখোস ও অন্যান্য সাজ সরঞ্জাম নিয়ে তৈরী হতে আপনারা একজন সাধুর চারিদিকে এক জ্যোতি দেখেন। ওটা হচ্ছে আলোক যখন আপনি এই পদ্ধতিতে তপস্যা করবেন তখন যীশু বা অন্যান্য লোকের মতো জ্যোতি বিকিরণ করবেন। লোকের যদি মনশক্তি থাকে তাহলে তারা এই আলো দেখতে পাবে। সেইজন্যে তারা যীশু বা বুদ্ধের চারিদিকে জ্যোতির বলয় এঁকেছেন যদি আপনার মন উদার হয় তবে উচ্চমার্গের ঘোগীদের এই জ্যোতি আপনারা দেখতে পান। (প্রভু তাঁর নিজের কপাল দেখালেন)। আপনারা যাঁরা এখানে আছেন তাঁরা কি কেউ দেখেছেন। আর দেখে থাকলে কি দেখেছেন।

প্রশ্নঃ—আমরা জ্যোতির্বলয় দেখতে পাই।

প্রভুঃ—কিন্তু আলো থেকে এই জ্যোতির্বলয় আলাদা। জ্যোতির্বলয়ের রং ভিন্ন ভিন্ন। কখনও কালো। কখনও কফি রং-এর, কখনও হলুদ আবার কখনও বা লাল। কিন্তু যখন আপনি কারো এই আধ্যাত্মিক জ্যোতির্বলয় দেখেন তখন সেটা এক পৃথক ধরণের জ্যোতির্বলয়।

প্রশ্নঃ—আমার আসলে কোন প্রশ্ন নেই। আমি কিছুদিন রাজযোগ অভ্যাস করতাম।

প্রভুঃ—রাজযোগ! তাই নাকি?

প্রশ্নঃ—অম্মার মনে হয় আমি এই জ্যোতির্বলয় দেখতাম। সে সময় অবশ্য অম্মার জ্ঞান বা বেদ খুব বেশী ছিল না। আপনি জানেন .....

প্রভুঃ—জানি।

প্রশ্নঃ—জ্ঞান বা বৈধ

প্রভুঃ—আপনি এখন আর এটা দেখেন না বা কখনও কখনও দেখেন?

প্রশ্নঃ—আমি এখন জপ-তপ করি না।

প্রভুঃ—সেই জন্যই। আবার জপ-তপ করুন।

প্রশ্নঃ—তাই

প্রভুঃ—যদি আপনি সেই দর্মসতে বিশ্বাসী হন তাহলে আপনার জপ-তপ করাউচিৎ। এটা আপনার ক্ষতি করবে না বরং সাহায্য করবে।

প্রশ্নঃ—আপনার প্রচারপত্রে আমি দেখেছি যে পাঁচ প্রকারের বাণী আছে। দীক্ষা আপনাকে এই পাঁচটি বাণী মেনে চলতে হয়।

প্রভুঃ—হ্যাঁ, হ্যাঁ, এগুলো হোলো বিশ্ব ব্রহ্মাণ্ডের নিয়ম।

প্রশ্নঃ—যৌন অনাচার বলতে আপনি কি বলছেন তা বুঝতে পারছি না।

প্রভুঃ—এর মানে হোলো এই যে যদি আপনার স্বামী থাকেন তাহলে দ্বিতীয় কারো কথা চিন্তা করবেন না।

প্রশ্নঃ—ঠিকই তো। (শ্রোতারা হেসে উঠলেন)

প্রভুঃ—খুব সহজে ভীবনটাকে আরও সরল করো। আবেগের বশে কেন বিরোধ, কোন জটিলতার সৃষ্টি করো না। এতে অন্তের প্রতি আমাদের অনুভূতি আহত হয়। আমরা আবেগের বশেও কোন লোকের ক্ষতি করবো না। প্রত্যেকের জন্য বিশেষ করে প্রিয়, পরিজনদের আবেগের বশে কোন দৈহিক বা মানসিক কষ্ট দেবে না। হোলো বড়ো কথা, যদি কোনও সমস্যা থাকে তবে তা কাউকে বোলো না। এতে সে আরও আঘাত পাবে আছে আস্তে, ধীরভাবে এটার সমাধান করার চেষ্টা করো। কাউকে এটা বোলো না। কারণ কখনও লোকে মনে করে যে যদি তাঁর কোন প্রেমের ঘটনা থাকে তার স্বামী বা স্ত্রীর কাছে সেটা স্বীকার করবে। এটা অত্যন্ত সতত ও বৃদ্ধিমানে মত কভজ হবে না, এটার কোন অর্থ হয় না। এটা ভালো না। তুমি একটি ভূল করেছো কেন সেই ভূলের কাছে দাঁই নিয়ে যাব তব তাত্ত্ব হাঁস চপিয়

দেবো? না জানলে তাঁর খারাপ লাগবে না। জানাটাই ব্যাথা-বেদনার কারণ হবে। তাই আমরা এটার সমাধান করার চেষ্টা করবো, আরও চেষ্টা করবো আর যাতে এরকম না ঘটে। স্বামী বা স্ত্রীকে এটা না বলাই ভালো কারণ এতে তাঁরা আঘাত পাবেন।

প্রশ্ন ৮—আমি দেখেছি যে অনেক গুরুদের রেশ রসিক। আধ্যাত্মিক যোগ্যভ্যাসের সঙ্গে রসিকতার কি সম্বন্ধ?

প্রত্ন ৮—বুঝেছি, আমার মনে তাঁরা এটা করেন কারণ এরা হলে দায়মুক্ত, সুখী লোক, অন্যলোক যখন পার্থিব ব্যাপার নিজে জড়িয়ে থাকেন এবং এটাকে গুরুত্ব সহকারে নিয়ে থাকেন তখন তারা — জীবনের এইসব বিভিন্ন জিনিয়ে নিয়ে নিজেদের মধ্যে বা অন্যের সঙ্গে ঠাণ্ডা-তামাশা করেন। কিছুদিন জপ-তপ করার পর আমাদের মন্টাকে বেশ হলকা মনে হয়। আমাদের আর তত চিন্তাবিত্ত মনে হয়না। বরং ভারি যদি মরব, বাঁচি যদি বাঁচব, অথবা সব কিছু হারাতে যদি হয় তো হারবো, সব কিছু পাই তো পাবো। এই বেধ লাভের পর যে কোন অবস্থার সম্মুখীন হওয়ার আমাদের হয়। আমাদের নিজেদের পৃথিবী থেকে বিচ্ছিন্ন মনে হয় আমরা যদি কিছু পাই তাতে আমার মনে হয় আমরা যদি কিছু পাই তাতে আমার কিছু মনে হয় না বরং ভাবি এটা “বহুজন হিতায়” আর তাই প্রিয় পরিজনদের ঐ সব দিয়ে দিই। তা না হলে এই উদ্বেগ। দুঃখ কষ্টে ভরা পৃথিবীতে বেঁচে থাকার কোনও অর্থ নেই। তার অর্থ এই নয় যে আমরা সারাদিন কন্টক শয্যায় বসে থাকবো আর জপ-তপ কোরবো। আমরা অবশ্যই কর্ম করি, ছবি আঁকি। তাই আমি কারও কোন দান নিই না। এমনকি আমি আমার আয় দিয়ে অন্যকে সাহায্যও করতে পারি। শরনার্থী, দুর্গত মানুষ ও অন্যান্যদের আমি সাহায্য করতে পারি। আমরা কাজ করবো না কেন? আমাদের এত প্রতিভা, এত ক্ষমতা আছে যে জ্ঞানলোক লাভের পর আমাদের উদ্বিগ্ন হওয়ার কিছু নেই। বুঝলে তো। আমরা তাই স্বাভাবিক ভাবেই হালক মনে করি। সেইজন্যই তো তামাসা করার স্বভাব জন্মায়। আমর মনে হয় এটাই কারণ। আস্থা, আপনাদের কি আমাকে রসিক বলে মনে হয়? (শ্রেষ্ঠার হাঁয়া (তিনি হাস্তলেন) তা হতেও পারে। আমি হয়ে তা হলে একজন প্রত্ন। (হাস্তলেন) তেমনদের জন্য আমি এরকমই আশা,

করবো। যাতো তোমাদের একজন অ-আলোকপ্রাপ্ত ব্যক্তির কথা দুঃস্থিতি ধরে শুনতে না হয়। ঠিক আছে। আর কোনও প্রশ্ন?

প্রশ্ন ৮—প্রভু চিঙ্গ হাই, আমার মনে একরাশ প্রশ্ন আসছে। আমি সেগুলো বলছি। আপনি সেগুলোর যে কোনও একটার উত্তর দিতে পারেন আবার কোনও প্রশ্নের উত্তর না দিতে পাবেন।

প্রভু ৯—একশ আটটা প্রশ্ন?

প্রশ্ন ১—হ্যাঁ, আমরা যারা আত্মাকে জানতে চাই, সব সময় এই প্রশ্নগুলি করি। এগুলো নিয়ে আমরা নানা তথ্য পড়েছি বা নানা গল্প শুনেছি কিন্তু আপনার এগুলো সম্পর্কে কি বলার আছে তাই আমরা জানতে চাই। প্রথম প্রশ্ন হোলো—আমরা কে বা আমি কে? কিভাবে আমরা এমন সংকটে পড়লাম যে আমাকে আবার ঘরে ফিরে যেতে হোলো? আমি কেন গৃহত্যাগ করলাম আবার কেনই বা গৃহে প্রত্যাবর্তনের প্রয়োজন দেখা দিল? আপনি পঞ্চমলোকে ফিরে যাওয়ার কথা বলেছেন। ঐ লোক ছাড়িয়ে আরও দূরে অন্যলোকে যাওয়ার কোনও প্রয়োজন নেই কিন্তু আরো দূরে যদি অন্যলোক থাকে তাহলে সেই লোকের কাজ কী? আমাকে যদি আবার ফিরে যেতে না হয় তাহলে এর সঙ্গে আমার সম্পর্কই বা কি হবে?

প্রভু ১০—ঠিক আছে। এক করে বলুন। আচ্ছা প্রথমে আমার এই প্রশ্নগুলোর উত্তর দেওয়া দরকার। প্রথম প্রশ্নে আছে আপনি কে? আপনি এখানে আছেন কেন আর কেনই বা আপনাকে আবার গৃহে প্রত্যাবর্তন করতে হবে। আর কেনই পঞ্চম লোকে যেতে হবে ষষ্ঠিলোকে নয়। খুব সোজা প্রশ্ন, এটা অত্যন্ত মজার ব্যাপার হচ্ছে। (হোঁসি এবং প্রশংসাধৰণি) আমি কে? নিউইয়র্ক শহরকে ঘিরে রেখেছে যে যেন প্রভু তাঁকে এ কথা জিজ্ঞাসা করতে পাবেন? আপনি হলুদ পৃষ্ঠাগুলো দেখে একটা নিতে পাবেন। (হাঁসলেন) আমি এ ব্যাপারে বিশেষজ্ঞ নই। আর আপনি কেন এখানে আছেন? এমন হতে পারে যে আপনি এখানে থাকতে চান কিন্তু আমরা যখন দ্বিতীয়ের স্থান তখন কে আমাদের এখানে থাকতে বাধ্য করতে পারে। আর এইসব তথ্যকথিত দ্বিতীয়ের স্থান দ্বিতীয়ের মতো, একজন রাজপুত্র কিছু কিছু বিষয়ে বাধার মতো বা ভাবী রাজা, তাই যখন তিনি কোনও স্থানে থাকতে চান তখন তিনি

সেখানেই থাকেন। তাই অভিজ্ঞতা লাভ করার জন্য আমাদের স্বর্গে বা অন্য কোথাও থাকার স্বাধীনতা আছে। সেটা সম্ভবত আরও রোমাঞ্চকর কিছু আরও ভয়ঙ্কর কিছু শেখার জন্য বহুগ পূর্বে আপনি এখানে থাকার কথা ভেবে রেখেছিলেন। কিছু কিছু লোক বেদনাদায়ক অভিজ্ঞতা পছন্দ করেন। যেমন একজন রাজপুত, যিনি রাজপ্রাসাদে থাকতে পাবেন, হয়তো বনে বনে ঘুরে বেড়াতে চান কারণ তিনি প্রক-তির বিভিন্ন জিনিষ জানতে চান। এটা সেইভাবে হতে পারে। এমন হতে পারে যে স্বর্গে, যেখানে আমরা সবকিছুই চাওয়ামাত্র হাতের কাছে পেতাম, আমাদের খুব একর্ষেয়ে লাগত, তাই আমরা নিজেদের জন্য কিছু করতে চাইতাম। যেমন রাজপরিবারে হয় — কখনও তাঁরা নিজেদের রান্নাবান্না নিজেরাই করতে চাইতেন, কোনও ভৃত্যতে কাছে চাইতেন না। সারা দেহে তেলকালি, আচার মাখতেন কিন্তু তাঁরা এটা ভালো বাসতেন। এটা খুব রাজকীয় নয় কিন্তু তাঁরা এটা ভালবাসতেন। যেমন ধরুন আমার লোকেরা আমার গাড়ী চালায়, কিন্তু আমি যেখানেই যাই সেখানেই লোকেরা আমার গাড়ী চালাতে চায়, কখনও কখনও আমি নিজেও আমার গাড়ী চালাতে চাই আমি আমার ছেট তিনচাকার গাড়ীতে করে যাই। এর ধোঁয়া নেই। বিদ্যুতে চলে, ঘন্টায় দশ বেগে যায়। সেইরকম ভাবে আমি চারিদিকে বেড়াতে চাই। কারন যেখানেই আমি যাই সেখানেই লোকেরা আমাকে দেখতে আসে তাই আমি এমন একজ্ঞায়গায় যেতে চাই যেখানে কেউ আমাকে জানে না। বর্দ্ধতে দেওয়ার সময় ছত্র অন্য সময় আমি সাধারণতঃ খুব লাজুক। লোকেরা আমাকে বিখ্যাত করে দেওয়ার পর থেকে এটাই হয়েছে আমার কাজ। আমি পালিয়ে যেতে পারি না, তবু আমি যাবে মাঝে দু-তিন মাসের জন্য পালিয়ে যাই — যেমন অত্যন্ত আদুরে কেউ স্বামীর কাছ থেকে পালিয়ে যায়। তাহলে এটাই আমার পছন্দ। সেইরকম আপনারাও হয়ত কিছুদিন থাকতে চেয়েছেন। আর সম্ভবত এটাই উপযুক্ত সময় যখন আপনি ফিরে যেতে চাইবেন কারণ এই পৃথিবীতে আপনি অনেক শিখেছেন, আপনি মনে করেন যে আর শেখার কিছু নেই আর ঘুরে ঘুরে আপনি ক্লান্ত হয়ে পড়েছেন। বাড়ী ফিরে যান, আগে কিছুক্ষণ বিশ্রাম নিন। তারপর ভাববেন এই রোমাঞ্চকর পথে আবার ফিরে যেতে চান কিনা। এখন এইটুকুই আপনাকে বলতে পারি। আর আপনাকে বাড়ী ফিরে যেতে হবে কেন? কেন পঞ্চমলোক,

ষষ্ঠলোক নয়? সেটা আপনার উপর। পঞ্চমলোকের পর আপনি যেখানে খুশি যেতে পারেন। উপরে আরও লোক আছে। উপরে আরও লোক আছে। সেটা আরও আরও শাস্তির। উদ্ধৃতলোক আরো শক্তির আধার। সেখানে আপনি যেতে পারেন কিন্তু বেশীক্ষণ থাকতে পারবেন না। যেমন আপনার সেখানে চিরকালের জন্য বিশ্রাম নিতে চাইবেন না, যদি এটা বাড়ির বাইরেও হয় তাহলেও না। এটা পাহাড়ে বা আরও উপরে উঠার ব্যাপারে আপনার বাড়িটা হচ্ছে বিদ্যুৎ উৎপাদক এখানে আছে শব্দ আছে তাপ আর জ্যাগাটা হলো বিপজ্জনক তাই আপনি সেখানে থাকতে চাইবে না যদিও এই জ্যাগাটা আপনার বাড়ির পক্ষে খুব প্রয়োজনীয়। বুবালেন তো? ভগবানের বিভিন্ন দিক আছে যেটা আমরা কল্পনাও করতে পারি না। আমরা সবসময় মনে করি যত উপরে আমরা যাই ততই আমরা প্রেময় হয়ে পড়ি কিন্তু প্রেম বা ভালবাসা বিভিন্ন ধরণে। প্রগাঢ় প্রেম, গভীর প্রেম, মৃদু প্রেম ও নিরপেক্ষ প্রেম, এটা নির্ভর করে আমরা এর কতটা বইতে পারবো। ঈশ্বর আমাদের বিভিন্ন পরিমাণে প্রেম দান করেন। হ্যাঁ বিভিন্ন স্তরে বিভিন্ন পরিমাণে প্রেম আমরা ঈশ্বরের কাছ থেকে পাই। কখনও কখনও এটা হয় অত্যন্ত প্রবল তখন আমাদের মনে হয় আমরা যেন প্রেমজর্জর হয়ে গিয়েছি।

প্রশ্ন ১— দেখুন, আমাদের চারিপাশে এত বেশী ধ্বংস, পরিবেশের ধ্বংস সাধন দেখছি।

প্রত্ন ১—ঠিক কথা।

প্রশ্ন ২—হিংসা, প্রাণী হিংসা

প্রত্ন ২—ঠিক কথা।

প্রশ্ন ৩—আমি অবাক হই আপনি এবিষয়ে কি অনুভব করেন এবং যে সব লোক আধ্যাত্মিকভাবে এই পৃথিবীতে থেকে মুক্তি চাইছেন তাদের এসব পরিবেশের সঙ্গে মানিয়ে নেওয়ার জন্য এবং তাদের চারিপাশে যে সকল ধ্বংস সাধন হচ্ছে তার সঙ্গে মানিয়ে নেওয়ার জন্য আপনি তাদের কি করতে বলেন। আপনি কি ভাবেন অতি জাগতিক কোন জ্যাগায় গেলেই আমরা কি রেখে যাচ্ছি আমরা কি ফেলে যাচ্ছি অথবা আপনি কি অনুভব করেন যে এই মহাবলম্বী আমাদের কষ্ট দূর করা? আর এতে কিছু মন্দল হবে।

প্রভুঃ—হবে হবে। অস্ততঃপক্ষে আমাদের এবং আমাদের বিবেকের মঙ্গল হবে যাতে আমরা অনুভব করবো যে আমরা কিছু করছি এবং আমরা মানুষের কষ্ট দূর করাব জন্য যথাসাধ্য চেষ্টা করেছি। আমিও তাই করি। আপনারা যাই বলুন করুন না কেন আমি করছি। আমি করেছিলাম, আমি করি এবং আমি করবো। আমি ইতিমধ্যে আপনাদের বলেছি যে আমাদের সমস্ত অর্থ বিভিন্ন প্রতিষ্ঠানকে সেখানকার দুগ্ধতি মোচনের জন্য ভাগ করে দেওয়া হয়। এনিয়ে আমিম গর্ব করতে চাই না কিন্তু যেহেতু আপনারা বললেন তাই বলছি। গত বছর ফিলিপাইনের বাসিন্দাদের সেখানকার পিলাটুবু পর্বতের অঘৃপাতের ত্রানকার্যে আমরা দসলক্ষ মার্কিন ডলার দিয়েছিলাম। আমরা ভিয়েণাম (আউলাক) এবং চীনের বন্যাদুর্গতদের সাহায্য করেছিলাম। এখন আমরা রাষ্ট্রসংঘের সহযোগিতায় চেষ্টা করছি আউলাক উদ্বাস্তদের সাহায্য করতে। অবশ্য যদি রাষ্ট্রসংঘ আমাদের সাহায্য চান। কিন্তু আমরা চেষ্টা করছি। এবার বুঝলেন তো? আমরা তাদের আর্থিক সাহায্য করছি আর যদি রাষ্ট্রসংঘ অনুমতি দেয় আমরা তাদের পুনর্বাসনও করতে পারি তাহলে দেখুন আপনাদের অনুরোধে আমরা এসব কাজ করেছি। আর আমরা যখন এখানে আছি তখন আমরা আমাদের পরিবেশকে যতটা সম্ভব উন্নত করবো। তাই আমরা রাষ্ট্রসংঘের সহযোগিতায় চেষ্টা করছি আউলাক উদ্বাস্তদের সাহায্য করতে। অবশ্য যদি রাষ্ট্রসংঘ আমাদের সাহায্য চান। কিন্তু আমরা চেষ্টা করছি। এবার বুঝলেন তো? আমরা তাদের আর্থিক সাহায্য করছি আর যদি রাষ্ট্রসংঘ অনুমতি দেয় আমরা তাদের পুনর্বাসনও করতে পারি তাহলে দেখুন আপনাদের অনুরোধে আমরা এসব কাজ করেছি। আর আমরা যখন এখানে আছি তখন আমরা আমাদের পরিবেশকে যতটা সম্ভব উন্নত করবো। তাই আমরা দুর্গতদের সাহায্য করি, জগতের নেতৃত্ব মান বজায় রাখতে সাহায্য করি। শারিরীক এবং আধ্যাত্মিক দুইভাবে কারণ কিছু কিছু লোক আমার কাছ থেকে আধ্যাত্মিক কথা গ্রহণ করতে চায় না। তারা শুধু চায় বাস্তব সাহায্য তাই আমরা তাদের জিনিসপত্র দিয়ে সাহায্য করি এবং এগুলো আমরা করি তাই আমাদের অর্থের সংস্থান করতে হয়। তাই আমি জনসাধারণের দান নিয়ে বেঁচে থাকতে চাই না। আমার সমস্ত সন্যাসীদের সমস্ত শিষ্যদের ঠিক আপনদের মতো কাজ করতে হয় এবং তাছাড়া আমরা আধ্যাত্মিকভাবেও তাদের সাহায্য করি। এবং

এইভাবে জগতের দুঃখমোচনের চেষ্টা করি। আমাদের এটা করতে হয়। ভাববেন না আমরা সারাদিন সমাধি মগ্ন থেকে নিজেরা আনন্দ উপভোগ করি। ওটা অত্যন্ত স্বার্থপূর বুদ্ধ বা জ্ঞানী ব্যক্তি আমরা এই ধরণের লোককে চাই না (হাসলেন)।

প্রশ্নঃ—আমরা আর একটা প্রশ্ন আছে। আমি ভাবছিলাম আপনি কিছু জানেন কিনা। আমি অনেক কথা শুনেছি যে দলাইলামা মাংস খান এবং আমি ভাবছি এটা সত্যি কিনা তা আপনি জানেন কিনা এবং কিভাবে তিনি এর ব্যাখ্যা দেবেন।

প্রত্নঃ—আমাকে কেম জিজ্ঞাসা করছেন তা আমি জানি না, আপনার তাঁকে জিজ্ঞাসা করতে হবে।

প্রশ্নঃ—আমি জানতে চাইছিলাম আপনি এ বিষয়ে কিছু শুনেছেন কিনা বা আপনি এবিষয়ে কিছু জানেন কিনা।

প্রত্নঃ—আমি অন্যের কথা আলোচনা করতে চাই না। বিশেষ করে আত্মসমর্থনের জন্য তিনি যখন এখানে নেই। মাপ করবেন তিনি একজন অত্যন্ত শ্রদ্ধেয় ব্যক্তি এবং সবকিছুই নিজের দায়িত্ব এবং নিজের পছন্দমতো হয়।

প্রশ্নঃ—প্রত্ন চিঠি হাই আপনি ধৈর্য ধরে আজি আমাদের সঙ্গে আছেন এর জন্য আপনাকে ধন্যবাদ। এত দয়া করে আমাদের প্রশ্নের উত্তর দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ। আপনি একটা স্তরের কথা বলেছেন যেখানে কোন ব্যক্তি চেতনের স্তর থেকে আসা ব্যক্তি সম্পর্কে সচেতন থাকে। এখন এটা কি রকম হবে যদি আপনি শক্তি সম্পর্কে সচেতন থাকেন এবং এটা পাবেন কাছে আসবেন অথবা পাবেন না। যদি আপনি না পান আপনি যদি এটা না পান তাহলে চারিদিকে যা ঘটছে তাতে আপনি কিভাবে ধৈর্যহারা হবেন না। যেমন দেখুন এই পৃথিবীতে চারিদিকে কত কি ঘটছে অথচ আপনি জানেন প্রার্থনা করে বা অন্য কিছু করে আরও তাড়াতাড়ি আরও ভালো কিছু করা যায়।

প্রত্নঃ—বুঝেছি।

প্রশ্নঃ—এর অর্থ কি এবং লোকেরা কিভাবে একে অশীর্বাদ বলে গ্রহণ

করবে? আমি কি বলতে চাইছি তা বুঝেছেন কি?

প্রভুঃ—বুঝেছি, বুঝেছি। আপনি বলতে চাইছেন যে যখন আমাদের বদলে দেবার ক্ষমতা আছে তখন আমাদের চারিদিকে এই সব স্বেচ্ছাচারিতা, দীর্ঘস্মৃতা চলছে আর আমরা কিভাবে ধৈর্য ধরে আছি; তাইতো? তাহলে কি আপনি প্রার্থনা করবেন, যাদুবিদ্যা দেখাবেন বা বোতাম টিপে কিছু করবেন? কারণ যাতে কোনও বিশ্বজ্ঞালা না হয় তার জন্য এ জগতে যুগের সঙ্গে তাল মিলিয়ে কাজ করার মত ধৈর্য আমার আছে, যেমন একটা শিশু দৌড়াতে পারে না। তাহলে আপনার তাড়াতাড়ি আছে বলে অথবা আপনি ছুটতে চান বলে তাকে কি টানা হেচড়া ফেলে দেবেন? তাই আমাদের ধৈর্য থাকা চাই। যেমন আমাদের ছোটার শক্তি থাকলেও আমরা শিশুদের সঙ্গে হাঁটিয়ে। তাই কখন কখন আমি নিজেও হতাশ, অধৈর্য হয়ে পড়ে কিন্তু আমি নিজেই নিজেই ধৈর্য ধরতে শিখি। সেইজন্য আমাকে এক রাষ্ট্র নায়ক থেকে আর এক রাষ্ট্রনায়কের কাছে, উদ্বাস্তুদের সাহায্যের জন্যে যেতে হয়, মাথা নিচু করতে হয় অথচ সব অর্থিক সাহায্য আমরাই দিতে চাই। আমরা আমাকে যা কিছু আছে সবকিছু দেব। লক্ষ লক্ষ ডলার, এমনকি কোটি কোটি জলার দেব কিন্তু আমাদেরও এই আমলা তাত্ত্বিক ব্যবস্থার মধ্য দিয়ে যেতে হয়। যার যা প্রাপ্য তাকে তাদিতে হবে। আমি রাষ্ট্রসংঘকে নির্দেশ দিতে বা সেখানে মাঝে ঘোরাতে চাইনা। আমরা যদি শারিয়াক এবং যোগ শক্তি প্রয়োগ করতাম তাহলে পৃথিবীতে দুগতির কারণ হতাম। বুঝলে? যেভাবে এটা চলছে সেইভাবে চলতে হবে কিন্তু আধ্যাত্মিকতার প্রলেপ দিয়ে আত্মার বোধ শক্তির উন্মেষ ঘটিয়ে লোকের সচেতনাত বাঢ়াতে হবে। তাদের এমন জ্ঞান দাও যাতে তাদের কাজের ইচ্ছা জাগে আর তুমি তাদের বোঝাও তাদের সঙ্গে সহযোগিতা র, যাদুবিদ্যা নয় এটাই শ্রেষ্ঠ পথ।

জীবনের কোন ক্ষেত্রেই আমি কখন ইচ্ছা করে যাদুবিদ্যা প্রয়োগ করি না। কিন্তু আধ্যাত্মিক ব্যক্তিগণের চারিপাশে অলৌকিক সব ঘটনা ঘটে — এটা ইচ্ছা করে না স্বাভাবিকভাবে ঘটে। জোর করে কোন জিনিস চাপিয়ে দিও না তাতে কোন ভালো হয় না। শিশু দৌড়াতে পারে না তো ঠিক আছে। আমার উন্নতে আপনি সন্তুষ্ট তো যদি আমার কোন উন্নত আপনার পছন্দ না হয় তবে আমায় জানাবেন, তাহলে আমি আরো আলোচনা করবো। কিন্তু আপনারা বৃদ্ধিমান এবং সমস্ত জগতের মধ্যে থেকে বেছে বেছে নেওয়া ব্রহ্মিমান বাণী। সেইজন্য

আমি বিস্তারিত কিছু বলছি না। আর কিছু প্রশ্ন আছে? হ্যাঁ পিছনের আপনার ? এটা খুব ভালো হয়েছে যে আমরা বিশ্বের সব দেশের লোক আমরা এখানে আছি। একেবারে দূর করতে না পারলেও পৃথিবীর অকে বিরোধ, অনেক যুদ্ধ আমরা এড়াতে পেরেছি কিন্তু আমি রাষ্ট্রসংঘের অনেক বই পড়েছি, রাষ্ট্রসংঘের কিছু কিছু কাজ আমি সমর্থন করি এবং সেইমত কাজও করি। বৈরীদের হাত থেকে উদ্ধার করা যা অন্য লোকের বা পৃথিবীর সমস্ত শক্তির ক্ষমতা অতীত তা রাষ্ট্রসংঘের মহাসচীব এক করেছেন। তান কার্যের উদ্বাস্তুর সমস্যা সমাধানের মত আরো অনেক জিনিস থারা করেছেন। আপনাদের বারো মিলিয়ন উদ্বাস্তুর দায়িত্ব আছে। এটা একটা বড় কাজ। আর এছাড়া যুদ্ধ এবার আরো সব আছে। এটা খুব ভালো যে আমাদের রাষ্ট্র সংঘ আছে।

প্রশ্ন ১—ধন্যবাদ। আমার একটা প্রশ্ন আছে - এটা হচ্ছে পৃথিবীর জনসংখ্যাএবং তার সঙ্গে পরিবেশ দৃষ্টি ও খাদ্যের ক্রমবর্ধমান চাহিদা সম্পর্কিত। পৃথিবীর জনসংখ্যা বৃদ্ধির চাহিদা সম্পর্কে আপনি কি কিছু মন্তব্য করবেন। এটা কি একটা পার্থিব কার্জ অথবা এটা কি ভবিষ্যতের কোন কর্মের সৃষ্টি করতে চলেছে।

প্রশ্ন ২—পৃথিবীতে আরো লোক হওয়া তো ভাল কথা। আরো ভিড় হবে আরো চেঁচামেচি হবে আরো মজা হবে: না, এটা এখন অতি জনকীর্ণ। শুধু আমরা সমানভাবে ছড়িয়ে ছিটিয়ে বাস করছি না লোকেরা কতকগুলো জায়গায় নিবিড়ভাবে বাস করে এবং অন্য জায়গায় যেতে চায় না। তাই আমাদের এত জায়গা পড়ে আছে যার বাবহার হচ্ছে না, অনেক বড় জনশুণ্য দ্বীপ আছে, অনেক সবুজ সবুজ উপদ্বীপ আছে, কিন্তু লোকেরা চায় নিউইয়র্কের মত জায়গায়, কারণ মজা আছে আকর্ষণ আছে। যদি কোন সরকার দেশের বক্স স্থানে চাকরি সৃষ্টি করতে পারে তাহলে লোকে সেখানে যাবে। তারা একজায়গায় থেকে কারণ সেখানে চাকরির সুযোগ আছে, নিরাপত্তা আছে। যদি এই নিরাপত্তা চাকরির সুযোগ অনাস্থানে থাকে তাহলে সেখানেও যাবে তারা যাবে নিরাপত্তার জন্য জীবিকা অর্জনের জন্য এটাই খুব স্বাভাবিক তাই জনগুলিকা নিয়ে আমাদের চিন্তিত হওয়া উচিত নয়। আমাদের আরও চাকরির সুযোগ, আরও নিরাপত্তা আরও বাসস্থানের ব্যবহার শৃঙ্খলার সদৈ করতে হবে

না। খাদ্য সম্পর্কে প্রশ্নের কথা আপনার ভালো জানা উচিত কারণ আমেরিকাতে সারা পৃথিবীতে বাঁচিয়ে রাখা সম্পর্কে বিভিন্ন তথ্য আছে। পৃথিবীর সম্পদ রক্ষার জন্যে পৃথিবীর সমস্ত লোকের খাদ্যের ব্যবস্থা করার জন্যে নিরামিষ খাদ্য সর্বশ্রেষ্ঠ। কারণ আমরানিরামিষ খাদ্য বিদ্যুৎ শক্তি, ঔষধ প্রভৃতি অপচয় কির পশুপালনের জন্যে। ব্যাপারটা বুঝলেন? এরদ্বারা এরা অন্য লোকদের সরাসরি খাদ্য যোগাতে পাবে। আর তৃতীয় বিশ্বের অনেক দেশ সন্তায় প্রোটিন সমৃদ্ধি নিরামিষ খাদ্য বিক্রয় করে। আমরা যদি সমস্ত খাদ্য সমানভাবে ভাগ করে নিই এবং নিরামিষ ঘাদ্য এই ব্যাপর সাহায্য করতে পাবে তাহলে এতে শুধু আমরাই নই, প্রাণীরা নয়। সারা পৃথিবী রক্ষা পাবে। কোন একটা পত্রিকায় একট গবেষণায় ইতি মধ্যেই একথা বলা হয়েছে। হ্যাঁ, গতবার আমি রাষ্ট্রসংঘে ছিলাম সেকথা আমি ইতিমধ্যে বলেছি। আমি বলতে ভুলে গিয়েছি। যদি আমরা নিরামিষ খাই তাহলে পৃথিবীতে আর ক্ষুধা থাকবে না। অবশ্য এ ব্যাপারে সংগঠন করতে হবে। আমি কিছু লোককে জামি তারা চালের ভূষি থেকে পুষ্টিকর খাদ্য এমনকি দুর্বত্ত করতে পাবে। গতবারে এব্যাপারে আমরা কথা বলেছি। তিনি বলেছেন যে তিনি থায় তিন লক্ষ ডলার খরচ করেছেন এবং এর দ্বারা শ্রীলঙ্কার ছয়লক্ষ লোক যারা দারিদ্র অপুষ্টিতে ভুগছে এবং তাদের খাইয়ে ছিলেন। এটা একটা আশ্চর্য ব্যাপার কারণ পৃথিবীর বিভিন্ন অংশে আমরা যা করি তাহল প্রাকৃতিক সম্পদের অপচয়। দৈশ্বর এখানে আমদের অনাহারে থাকার জন্য পাঠায়নি, আসলে আমরা নিজেরাই অনাহারে থাকি। তাই আমদের চিন্তা করতে হবে এবং এর জন্যে বিভিন্ন দেশের সরকারের সাহায্য দরকার। সততা, পরিচ্ছন্ন মন, সম্মর্মবোধ এবং জনগণের সেবার মনোভাব নিয়ে কাজ করতে হবে। আমরা যদি সমস্ত দেশের সরকারের কাছ থেকে এই সাহায্য পাই তাহলে আমদের কোন সমস্যা হবে না। আমদের দরকার উপযুক্ত নেতৃত্ব উপযুক্ত অর্থনৈতিক প্রতিষ্ঠান প্রতিভাবন শাসক ও ন্যায়নিষ্ঠ সরকার এবং সেটা আসতে পারে যদি সবলোক বা অধিকাংশ লোক আধ্যাত্মিক মনোবৃত্তি সম্প্রসারণ করে। তখন তারা শৃঙ্খলা শিখাবে এই সমস্ত উপদেশগুলো জ্ঞানবে আর জ্ঞানবে কি করে সৎ এবং পবিত্র হওয়া যায়। তারা তখন তাদের নিজেদের জ্ঞানকে ব্যবহার করবে, তখন তারা অনেক জিনিস করতে শিখবে এবং আমদের জীবনকে জ্ঞানবে। তানাহলে যদি আপনি

পকেটের টাকা খরচা করে শক্তির পিছনে ছোটেন তাহলে কিছুই হবে না। যদি আপনি সোনার খনির উপরও বসে থাকেন আপনি দারিদ্র্যে মারা যাবেন। অনেক জাতির নেতাদের তাদের ক্ষমতা ও দায়িত্ব সম্পর্কে সচেতন হতে হবে। জনগণের কথা ভাবতে হবে এবং প্রচলিত প্রথাকে পূর্ণগঠিত করতে হবে।

প্রশ্নঃ—আমার মনে হচ্ছে এটা অত্যন্ত কঠিন কারণ আমাদের পরিবেশ দুষণের অনেকটাই ক্রমবর্ধমান জনসংখ্যার প্রয়োজনীয় গৃহ জীবিকা যার সঙ্গে আমরা বিংশ শতাব্দীতে পরিচিত তার সঙ্গে সম্পর্কিত। ব্রাজিলের বনাঞ্চলের কথা ধরুন, সেখানকার বনাঞ্চল ধ্বংস পরিবেশ দুষণ ঘটাচ্ছে। তার ফলে ভূমিক্ষয় হচ্ছে, বন্যা হচ্ছে, বন্যা হচ্ছে আর এগুলো জনসংখ্যা বৃদ্ধির সমস্যার সম্পর্কহীন নয়।

প্রভৃঃ—হাঁ, এই পৃথিবীতে সব জিনিসই পরস্পরের সঙ্গে সম্পর্কযুক্ত। এর সমাধানে একমাত্র উপায় হল স্বমূলে এর উচ্ছেদ করা। আর মূল হচ্ছে আধ্যাত্মিক দ্বায়িত্ব (প্রশংসাধ্বনি)। তাই আমাদের সকলের আধ্যাত্মিক বাণী প্রচারের চেষ্টা করতে হবে। যা আমরা জানি আধ্যাত্মিক শৃঙ্খলা আনবে। এটাই আমাদের অভাব। যদি তুমি নৈতিক শৃঙ্খলা না থাকে তাহলে তুমি খারাপ কাজে তোমার শক্তি ব্যয় করবে, এটাকে নিয়ন্ত্রণ করতে পারবে না। সেইজন্য আমরা প্রথমে মহাপুরুষ বাণী শেখাই। এই বাণীর অনেক গুরুত্ব।

আমাদের জানতে হবে আমরা কোথায় যাই এবং শক্তি ব্যয় করি। প্রেমবর্জিত নয়ামায়াহীন নীতিবিবর্জিত শক্তির কেন মূল্য নেই। এটা অন্যায়। এটা হচ্ছে একটা ক্ষতির ইন্দুঘাল। আমাদের জীবনপথে আমরা যদি সত্যিকারের নিয়মনিষ্ঠ না হইল এবং নীতিরোধ না থাকে তাহলে প্রভু তোমার কিছুটা শক্তি নিয়ে নেবে এবং সমাজের খারাপ কিছু না করতে পার। প্রভুর এই নিয়ন্ত্রণ ক্ষমতা আছে। আপনাদের বুদ্ধিদীপ্ত প্রশ্নে আমি খুব সন্তুষ্ট। লোকেরা এগুলো করে কারণ তারা যথেষ্ট জ্ঞানী নয়। অথবা তাদের জ্ঞানের অভাব আছে সুতরাং আসল কথা হলো জ্ঞান, আধ্যাত্মিক সাধনা। জ্ঞানের আলোক লাভ করো এই প্রার্থনা।

প্রশ্নঃ—আমি আপনাদের কয়েকটা বই পড়েছি ও আপনার কয়েকটা টেপও শুনেছি।

প্রভুঃ— তাই, আশৰ্য্য, তাহলে তো আমরা পরম্পরকে জানি।

প্রশ্নঃ— অসুবিদের সম্বন্ধে ধারণা পেতে আমি আগ্রহী।

প্রভুঃ— অসুবি, মনে আবার কি? অসুবি — অসুবি — হাঁ, এটা হচ্ছে অশুভ শক্তির সংস্কৃত প্রতিশব্দ। আমি জানতাম না আপনি সংস্কৃত ভাষায় কথা বলছেন।

প্রশ্নঃ— আমি জানি যোগাভ্যাসে জন্য সঠিক কাজ করার চেষ্টা করছি। আমি জানি আমার বিরুদ্ধ কোনও বিষয়ের বিরুদ্ধে আমি কাজ করছি এখন আমার প্রশ্ন হচ্ছে আমি কিভাবে এই সংস্কৃত এড়াতে পাবি অথবা জয়ী হতে পাবি?

প্রভুঃ— মজাই তো ওখানে। যদি কোনও জিনিয় খুব সহজ হয় তাহলে আপনি প্রতিযোগীতার মনোভাব হারিয়ে ফেলেন এবং আপনি এটা জয় করতেও চান না। পাশ্চাত্য পরিভাষায় আমরা একে সদর্থক ও নির্গুর্ধক বলি। নির্গুর্ধক শক্তি আমাদের ইচ্ছার বিরুদ্ধে কাজ করতে উদ্বৃদ্ধ করে আর সদর্থক শক্তি এই প্রবণতা জয় করতে সাহায্য করে। কখনও আমরা হেরে যাই আবার কখনও আমরা জয়লাভ করি। এটা নির্ভর করে আমাদের আধ্যাত্মিক শক্তি ও শৃঙ্খলাবোধের উপর। সুতরাং সংগ্রাম চালিয়ে যাওয়ার চেষ্টা কর যে শরনার্থী সমস্যা ও পৃথিবীতে যুদ্ধ নিয়ে রাষ্ট্রসংঘ সংগ্রাম করছে। আপনাদের ধন্যবাদ। আপনাদের কল্যাণ হোক।

“দীক্ষার অর্থ কোন মন্ত্রদীক্ষা নয়। তুমি মাত্র এখানে এস এবং তোমাকে সাহায্য করার সুযোগ আমাকে দাও। আমি তোমায় প্রভু হতে সাহায্য করতে এসেছি মাত্র।”

~ সুমা চিঙ হাই

“প্রত্যেকে জানে কি করে সাধনা করতে হয়। কিন্তু তুমি অশুভ জিনিষের সাধনা কর। কোন লোক সুন্দরী নারীর সাধনা করে, কেউ কেউ অর্থ আবার কেউ কেউ ব্যবসা বাণিজ্যের সাধনা করে। প্রতি ক্ষেত্রেই তুমি সর্বান্তঃকরণে একটি জিনিষের প্রতি পূর্ণ মনোযোগ দাও। এটাই সাধনা। আমি মনোনিবেশ করি আমার অঙ্গনিহিত শক্তির প্রতি, দয়া মায়া, ভালোবাসা প্রভৃতি ঐশ্বরিক গুণের প্রতি”

~ সুমা চিঙ হাই

“দীক্ষার অর্থ হোলো নৃতনভাবে নৃতন জীবন শুরু করা। এর অর্থ এই যে তোমার গুরু তোমাকে সাধু সন্তদের একজন হওয়ার জন্য তোমাকে গ্রহণ করেছেন। তাহলে তুমি আর সাধারণ মানুষ নও। তোমার মর্যাদা বৃদ্ধি ঘটেছে। প্রাচীনকালে একেই বলা হोতো ধর্মদীক্ষা বা প্রভুর কারণ নেওয়া।”

~ সুমা চিঙ হাই

## দীক্ষা :-

### কোয়ান ইন পদ্ধতি :-

**প্ৰ**ভু চিং হাই সত্যকে জানিবার জন্য প্রকৃত আগ্রহী ব্যক্তিগণকে কোয়ান ইন পদ্ধতিতে দীক্ষা দান করেন। চীনা ভাষায় “কোয়ান ইন” অর্থ শব্দ কম্পনের ধ্যান। এই পদ্ধতিতে ধ্যানের অঙ্গৰুক্ত অঙ্গের জ্যোতি ও অঙ্গের শব্দ। প্রাচীনকাল থেকে পৃথিবীর সমস্ত ধর্মের আধ্যাত্মিকম সাহিত্যের এই আভ্যন্তরীন অনুভূতির কথা বারবার বলা হয়েছে।

উদাহরণস্বরূপ বাইবেলে বলেছেন। "In the beginning was the Word and the Word is was with God, and the Word was God." এই শব্দ ছিল আব্যন্তরীন শব্দ একে বিভিন্ন জায়াগায় শব্দ। শব্দপ্রবাহি ত্য নাম অথবা স্বর্গীয় সংগীত বলা হয়েছে। প্রভু চিং হাই বলেছেন ইহা আমাদের সমস্ত জীবনে অনুরন্তি হয় এবং সমস্ত ব্রহ্মাণ্ডে পরিব্যুক্ত হয়। এই অঙ্গের মুচ্চল্লা সমস্ত আঘাতকে নিরাময় করতে পারে, সমস্ত কামনা পূর্ণ করতে পারে এবং সমস্ত পর্থিব পিপাসার তৃপ্তি ঘটায়। এটা সর্বব্যাপী সর্বপ্রেমময় একশক্তি। এর কারণ আমরা শব্দ থেকেই সৃষ্টি ইহা শক্তি এবং হৃদয়ের পরিত্বক্ত্ব আনে। এই শব্দ শোনার পর সমস্ত প্রাণীই বদলে যায় এবং আমাদের শ্রেয় অবিমুখে আমাদের জীবনে সমগ্র দৃষ্টিভঙ্গি পরিবর্তিত হয়।

এই অঙ্গের জ্যোতি বা ঈশ্বরের জ্যোতি বলতে আমরা “জ্ঞানের আলোককে” বুঝি। সুক্ষ্ম আলোক দ্যুতি থেকে লক্ষ্য লক্ষ্য সূর্যের ঔজ্জ্বল্য পর্যন্ত ইহা পরিব্যুক্ত অঙ্গের দৃষ্টি ও জ্যোতি আমরা ঈশ্বরকে জানতে পারি।

কোয়ান ইন পদ্ধতিতে দীক্ষা কোন শুণ্ঠির্ধ আচরণ নয় বা নতুন ধর্ম গ্রহণ করার অনুষ্ঠান নয়। দীক্ষকালে আভ্যন্তরীন জ্যোতি ও বাণীর সাধনা করার জন্য

কয়েকটি উপদেশ দেওয়া হয়। প্রভু চিঙ হাই এই ‘আধ্যাত্মিক যোগাযোগ’ স্থাপনের কাজ করেন। ঈশ্বরের অস্তিত্বের অনুভব প্রথমে পাওয়া যায় নীরবতার মধ্যে। আপনার উপলক্ষ্মির দরজা খুলে দেওয়ার জন্য প্রভু চিঙ হাই-এর দৈহিক উপস্থিতির দরকার নেই। এটা এই পদ্ধতির একটা প্রয়োজনীয় অঙ্গ। প্রভুর করুণা ছাড়াই এই পদ্ধতিগুলি আপনাকে সেটা এনে দেবে। অস্তরের এই বাণী শুনতে পাও বলে এবং অস্তরের এই জ্যোতি দেখতে পায় বলে এই পদ্ধতিকে কখনও কখনও বলা হয় আকস্মিক বা তাৎক্ষণিক জ্ঞানের আলোক উপলক্ষ্মি করা।

প্রভু চিঙ হাই সমস্ত ধর্মে সমস্ত স্তরের লোককে দীক্ষা দেন। এর জন্য তোমাকে বর্তমান ধর্ম বা বিশ্বাস ত্যাগ করতে হয় না। তোমাকে কোন প্রতিষ্ঠানে যোগ দিতে বলা হয় না অথবা তোমার বর্তমান জীবনধারার সঙ্গে সামঞ্জস্যাত্মক কোনও অনুষ্ঠানে অংশ নিতে হয় না। অবশ্য তোমাকে নিরামিষাসী হতে বলা হবে আজীবন নিরামিষ আহার দীক্ষাগ্রহণের একটি প্রয়োজনীয় পূর্ব সর্ত।

দীক্ষা এবং পরবর্তীকালে প্রভুর আধ্যাত্মিক উপদেশাবলী বিনামূলে দেওয়া হয়। প্রতিদিন কোয়ান-ইন পদ্ধতিতে অনুধ্যান আর পাঁচটি বাণী পালন করা — হোলো দীক্ষার পর একমাত্র পালনীয় কর্তব্য। এই বাণীগুলি তোমাকে নিজের বা অন্য কোনও জীবের অনিষ্ট করতে শেখাবে। এই অভ্যাসগুলি তোমাকে তোমার এই প্রাথমিক জ্ঞানের আলোককে আরও শক্তিশালী ও গভীর করবে। যা তোমার বোধ বিকাশ বা জগরণকে আরও উচ্চস্তরে নিয়ে যাবে। অভ্যাস না করলে তোমার এই বোধ লাভের কথা তুমি অবশ্যই বিস্মৃত হবে এবং আবার চেতনার সাধারণ পর্যায়ে ফিরে আসবে।

প্রভু চিঙ হাই এর লক্ষ্য হোলো আমাদের আত্মনির্ভরতা শিক্ষা দেওয়া। তিনি আমাদের এমন এক সাধন পদ্ধতি শিক্ষা দেন বা আমরা নিজেরাই কোনওপ্রকার জটিলতা ছাড়াই অভ্যাস করতে পারবো। তিনি অনুগামী বা শিষ্যের খোঁজ করছেন না বা কোন সংগঠন তৈরী করতে চাইছেন না যাতে নিয়মিত অর্থ দিতে হয়। তিনি কোনও অর্থ বা উপহার গ্রহণ করেন না। সুতরাং তাঁকে এসব দেওয়ার প্রয়োজন নেই। তিনি যা নেন তা হোলো দেনদিন জীবনে আন্তরিকতা এবং নিজেকে সাধু-সন্ত এর পর্যায়ে উন্নীত করার জন্য হোপাভ্যাস।

## পাঁচটি বাণী

- ১। কোনও প্রাণীহত্যা থেকে বিরত থাক।
- ২। অ-সত্য ভাষণ থেকে বিরত থাক।
- ৩। অ-দ্বন্দ্ব কোনও কিছু গ্রহণ থেকে বিরত থাক।
- ৪। যৌন অনাচার থেকে বিরত থাক।
- ৫। মাদক দ্রব্য গ্রহণ থেকে বিরত থাক।

এই বাণীগুলি পালন করতে গেলে দুর্ঘটনাও নি  
রামিষ খাদ্য গ্রহণ প্রয়োজনীয়।

“একজন সম্পূর্ণ দেবভাবাপন্ন ব্যক্তি হলেন একজন সম্পূর্ণ মানুষ  
 একজন সম্পূর্ণ মানুষের আছে পরিপূর্ণ দেবত্ব। এটা ঠিক যে এখন  
 মানবিক গুণাবলীর সামান্য অংশমাত্রই আমাদের আছে। অহংবোধের দ্বারা  
 পরিচালিত হয় আমরা দ্বিধাগ্রস্ত হয়ে কর্ম করি। আমরা বিশ্বাস করি না  
 ঈশ্বর আমাদের শিক্ষার জন্য, আমাদের আনন্দলাভের জন্য এই সমস্ত  
 ব্যবস্থা করে রেখেছেন। পাপ ও পুন্যকে আমরা আলাদ করে দেখি। সব  
 জিনিসের মধ্যেই আমরা একটা উদ্দেশ্য খুঁজি এবং সেইমত নিজেদের ও  
 অন্যান্য লোকের বিচার করি। ঈশ্বরের কাজ সম্পর্কে নিজেদের জ্ঞানের  
 সীমাবদ্ধতার জন্য আমরা কষ্ট পাই। আমরা নিজেরা আনন্দ উপভোগ  
 করতে চাই, খেলা করতে চাই কিন্তু কিভাবে খেলতে হয় জানি না। আমরা  
 অন্যদের বলি — “তোমার এটা করা উচিত হয়নি” আর নিজেকে বলি,  
 ‘‘আমার এটা করা উচিত নয়, আমরা অবশ্যই এটা কোরবো না। সুতরাঃ  
 আমরা কেন নিরামিষ ভোজী হবো?’’ হ্যাঁ, আমি জানি। আমি নিরামিষ  
 ভোজী কারণ আমরা ভিতর যে ঈশ্বর আছেন তিনি এটা চান”

সুমা চিঙ হাই।

“যখন আমরা মুহূর্তের জন্যও বাকে চিন্তায় ও কর্মে অক্ত্রিম হই  
 তখন মুহূর্তের জন্য হলেও দেব দেবীগণ দেবদূতগণম আমাদের সমর্থন  
 করবেন। সেই মুহূর্তে সমস্ত পৃথিবী আমাদের করতলগত হয় ও আমাদের  
 সমর্থন করে রাজত্ব করার জন্য সেখানে আমাদের সিংহাসন বিরাজ করছে।

সুমা চিঙ হাই।



## কেন মানুষ অবশ্যই নিরামিষ ভোজী হবেন

কোয়ান-ইন পদ্ধতিতে দীক্ষা দানে অবশ্য প্রয়োজনীয় সর্ত হোলো আজীবন দুঃখ নিরামিষ ভোজী হতে হবে। উদ্দিদ থেকে পাওয়া এবং দুঃখ থেকে প্রস্তুত খাদ্য দ্রব্য কেবল খাওয়া যেতে পারবে। কিন্তু প্রাণীসূত্রে পাওয়া খাদ্যদ্রব্য যেমন ডিম খাওয়া নিষিদ্ধ। এর অনেক কারণ আছে। কিন্তু প্রথমম বাণীতেই বলা হয়েছে সমস্ত প্রাণীহত্যা থেকে বিরত থাকতে হবে বা “তুমি অবশ্যই প্রাণী হত্যা করবে না”।

প্রাণী হত্যা না করা বা অন্যকেনভাবে প্রাণীর অনিষ্ট না করার অনেক সুফল আছে। এছাড়া অন্যের ক্ষতি না করা অনুরূপভাবে আমাদের নিজেদেরও ক্ষতির হাত থেকে রক্ষা করে। কেন? কারণ কর্মের নিয়মই এই। “যেমন কাজ করবে তেমনি ফল পাবে” তুমি যখন প্রাণী হত্যা করতে চাও বা তোমার মাংস আহারের ইচ্ছা পূর্ণ করার জন্য অন্যকে দিয়ে প্রাণী হত্যা করাও তখন তুমি এক কর্মের ঝণ কর যা পরে অবশ্যই তোমাকে পরিশোধ করতে হবে। তাই নিরামিষ খাদ্যগ্রহণ আমাদের কাছে আশীর্বাদ স্বরূপ। আমরা ভাল থাকি, কর্মের ঝণভাব লাঘব হওয়ার ফলে আমাদের জীবনের মান উন্নত হয় সুস্কল ও আত্ম উপলব্ধির স্বর্গীয় জগতে আমাদের প্রবেশের পথ সুগম হয়। আপনাকে যা দিতে হয় তার তুলনায় এই প্রাপ্তি কি কম।

আমিষ খাদ্যগ্রহণের বিরুদ্ধে এই আধ্যাত্মিক যুক্তি অনেকের কাছে বিশ্বাসযোগ্য হয়। কিন্তু আর কিছু লোক আছেন যাঁহারা নিরামিষ খাদ্য গ্রহণের পক্ষে কি কি যুক্তি আছে তাহা জানতে চান। এগুলো সাধারণ জ্ঞান থেকে এসেছে। আর সেগুলো হোলো ব্যক্তিগত স্বাস্থ্য ও পুষ্টি, পরিবেশের ভারসাম্যরক্ষা, উপকথা, প্রাণী নির্যাতনও বিশ্বব্যাপী ক্ষুধা প্রভৃতি।

মানুষের বির্বতন সম্বন্ধে আলোচনা করলে দেখা যায় আমাদের পূর্বপুরুষেরা স্বাভাবিক ভাবেই নিরামিষ ভোজী ছিলেন। মানুষের শরীরের গঠন আমিষ ভোজনের উপযোগী নয়। কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের ডঃ জি. এস. হান্টিংজেন শরীরের তুলনামূলক গঠন প্রবন্ধে এটা আলোচনা করে

দেখিয়েছেন। তিনি বলেছেন যে আমিষভোজীদের ছোট আকারের ক্ষুদ্রান্ত্র ও বৃহদ্বান্ত্র আছে। তাদের বৃহদ্বান্ত্র হলে আকারে বড়ো ও মসৃণ। বিপরীতভাবে নিরামিষ ভোজীদের ক্ষুদ্রান্ত্র ও বৃহদ্বান্ত্র দুটোই দীর্ঘাকার। মাংস অধিক পরিমাণে প্রোটিন ও অল্পপরিমাণে তন্ত্র থাকার ফলে মাংস থেকে পুষ্টি শোষণ করার জন্য অন্তর্গুলোর খুব বেশী সময় লাগে না। সেজন্য মাংসাশীদের অন্তর্গুলো নিরামিষ ভোজীদের অন্ত্র অপেক্ষা দৈর্ঘ্যে ছোট।

## স্বাস্থ্য ও পুষ্টি

মানুষের বিবর্তন সম্বন্ধে আলোচনা করলে দেখা যায় আমাদের পূর্বপুরুষের স্বাভাবিক ভাবেই নিরামিষ ভোজী ছিলেন। মানুষের শরীরের গঠন আমিষ ভোজনের উপযোগী নয়। কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের ডঃ জি. এস. হান্টিংজেন শরীরের তুলনামূলক গঠন প্রবন্ধে এটা আলোচনা করে দেখিয়েছেন। তিনি বলেছেন যে আমিষভোজীদের ছোট আকারের ক্ষুদ্রান্ত্র ও বৃহদ্বান্ত্র আছে। তাদের বৃহদ্বান্ত্র হলে আকারে বড়ো ও মসৃণ। বিপরীতভাবে নিরামিষ ভোজীদের ক্ষুদ্রান্ত্র ও বৃহদ্বান্ত্র দুটোই দীর্ঘাকার মাংস অধিক পরিমাণে প্রোটিন ও অল্প পরিমাণে তন্ত্র থাকার ফলে মাংস থেকে পুষ্টি শোষণ করার জন্য অন্তর্গুলো নিরামিষ ভোজীদের অন্ত্র অপেক্ষা দৈর্ঘ্যে ছোট।

নিরামিষ ভোজীদের মত মানুষেরও স্বাভাবিকভাবে দীর্ঘ ক্ষুদ্রান্ত্র ও বৃহদ্বান্ত্র আছে। আমাদের অন্তর্গুলোর দৈর্ঘ্য আনুমানিক আটাশ ফুট (সাড়ে আট মিটার)। ক্ষুদ্রান্ত্রটি আপনা-আপনি সঙ্কুচিত হয় এবং এটা মসৃণ নয় এবং কুণ্ডলীপাকান। মাংসাশী প্রাণীদের চেয়ে দীর্ঘ হওয়ার ফলে আমাদের অন্তর্গুলোতে মাংস দীর্ঘসময় ধরে থাকে। ফলে মাংস পচে যায় ও বিষাক্ত হয়। এই বিষ মলদ্বারে ক্যানসারের কারণ। তাছাড়া ইহা আমাদের যকৃতের ভার বাড়ায়। এতে যকৃতের প্রদাহ এবং ক্যানসারের সৃষ্টি হতে পারে।

মৎসে প্রচুর পরিমাণে বিষাক্ত প্রোটিন ও ইউরিয়া আছে যা যকৃতকে ভারাক্রিয়া করে এবং যকৃতের কর্মক্ষমতাকে নষ্ট করে দিতে পারে। এক পাউণ্ড মাংস প্রায় চৌদ্দ গ্রাম বিষাক্ত প্রোটিন থাকে। যখন সজীব কোষ গুলো এই বিষাক্ত প্রোটিন সম্পৃক্ত হয় তখন তাদের প্রকৃতির পরিবর্তন হয় তাছাড়া মাংসে

সেলুলোজের পরিমাণ কম থাকার ফলে কোষ্টবদ্ধতা হয়। আর সকলেই জানেন কোষ্টবদ্ধতা থেকে মলদ্বারের ক্যানসার বা অর্শের উৎপত্তি হয়।

মাংসের মধ্যে দ্রবীভূত চর্বি ও কোলেষ্টেরোল হৃৎপিণ্ডের পীড়ার সৃষ্টি করে। আমেরিকা যুক্তরাষ্ট্র এবং এখন ফরমোজাতেও মৃত্যুর অন্যতম প্রধান কারণ হোলো হৃৎপিণ্ডের পীড়া।

মৃত্যুর দ্বিতীয় প্রধান হোলো ক্যানসার গবেষণার দ্বারা জানা গেছে যে মাংস ঝলসালে বা রোট করলে মাংসে একরকম রাসায়নিক দ্রব্য (Methyl Cholanthrene) তৈরী হয় একটা তীব্র বিষ। ইন্দুরের উপর এই বিষ প্রয়োগ করে দেখা গেছে এটা হাড়ের টিউমার, রক্তের ক্যানসার, পাকস্তলীর ক্যানসার প্রভৃতির সৃষ্টি করে।

গবেষণায় দেখা গেছে যে বুকের ক্যানসার আছে এমন মায়ের দুধ খেলে বাচ্চা ইন্দুরের ও ক্যানসার হয়। মানুষের শরীরের ক্যানসারের কোষ প্রাণীর শরীরে ইন্জেক্সান দেওয়া হলে প্রাণীদেরও ক্যানসার হয়। আমরা রোজ যে মাংস খাই তা যদি এরকম অসুস্থ প্রাণীদের হয় তাহলে আমাদের সে সমস্ত অসুস্থ হওয়ার সম্ভাবনা থাকে।

অনেক মনে করেন মাংস পরিষ্কার ও নিরাপদ কারণ কসাইখানাগুলো নিয়মিত পরিদর্শন করা হয়। কিন্তু রোজ যতসংখ্যক গরু, শুকর বা মুরগী প্রভৃতি হত্যা করা হয় তাদের প্রত্যেককে পরীক্ষা করা সম্ভব নয়। প্রত্যেককে পরীক্ষা করা হলেও কোনও একটা মাংসের টুকরায় ক্যানসার আছে কিনা তা পরীক্ষা করা অত্যন্ত দুষ্কর। সম্প্রতি খারাপ অংশটুকু যেমন পা বা মাথা কেটে বাদ দিয়ে বংকী অংশটুকু বিক্রয় করা হয়।

বিখ্যাত নিরামিষ খাদ্য বিশেষজ্ঞ ডঃ জে. এইচ. কেলগ্ বলেছেন, ‘আমরা যখন নিরামিষ খাদ্য খাই তখন কিভাবে সেই আনাজটি মরে গেছে তা আমাদের জানার দরকার নেই এত আমরা আনন্দের সংগে আহার করতে পারি।

আর একটা জিনিসও ভাবার আছ। বিভিন্ন জীবান্তনাশক ঔষধ স্টেরয়েড বা হরমোন প্রভৃতি হয় প্রলোক থান্দের সংগে মিলিয়ে দেওয়া হয় অথবা সরাসরি প্রাণীদাহ ট্যাঙ্কেলমান দেওয়া চায়। জনাগচ্ছে এইসব প্রাণীদের মাংস আমরা

আহার করলে সেই আমরাও এই সমস্ত আমাদের শরীরে গ্রহণ করি। ফলে মাংসের জীবানুনাশক ঔষধগুলো মানুষের জীবানুনাশক ঔষধের কার্যকারিতা নষ্ট করে দেয়।

কিছু কিছু লোক মনে করেন নিরামিষ খাদ্য যথেষ্ট পৃষ্ঠিকর নয়। ডাঃ মিলার নামে একজন আমেরিকান শল্যচিকিৎসক দীর্ঘ চল্লিশ বৎসর কাল ফরমোজায় চিকিৎসা করেন। তিনি সেখানে একটা হাসপাতাল করেছেন যেখানে রোগী ও কর্মচারী সকলের জন্যই নিরামিষ খাদ্যের ব্যবস্থা আছে। ইঁদুর হচ্ছে এমন একটা প্রাণী যে আমিষ বা নিরামিষ দুরকম খাবার খেয়েই বেঁচে থাকতে পারে। এখন যদি দুটো ইঁদুরকে আলাদা আলাদা রেখে একটাকে নিরামিষ ও অন্যটিকে আমিষ খাবার খেতে দেওয়া হয় তাহলে তেখা যায় তাদের দুজনেরই পৃষ্ঠির পরিমাণ একই রকম, কিন্তু নিরামিষ খাদ্য গ্রহণকারী ইঁদুর বেশীদিন বাঁচে আর তাদের রোগ প্রতিরোধ ক্ষমতা বেশী। তাছাড়াও দুটো ইঁদুরই যদি অসুস্থ হয়ে পড়ে তাহলে নিরামিষ ভোজী ইঁদুর তাড়াতাড়ি সুস্থ হয়ে ওঠে।” আধুনিক বিজ্ঞান আমাদের যে ঔষধ দেয় তার অনেক উন্নতি হয়েছে ঠিকই, কিন্তু তা শুধু আমাদের অসুখ সারায়। খাদ্য কিন্তু আমাদের স্বাস্থ্যরক্ষা করতে পারে।” “মাংস অপেক্ষা উল্লিখিতাদ্য বেশী প্রত্যক্ষভাবে আমাদের পৃষ্ঠি যোগায়” — তিনি বলেছেন। মানুষ পশুমাংস আহার করে, কিন্তু আমাদের খাদ্য পশুর পৃষ্ঠির সূত্রে হলো উল্লিদ। অধিকাংশ প্রাণী স্বল্প দিন বাঁচে এবং মানুষের সব রকম রোগই প্রাণীদের হয়। রোগাক্রান্ত প্রাণীদের মাংস আহার করেই সম্ভবত মানুষদের এইসব রোগ হয়েছে। সুতরাং মানুষ কেন গাছ থেকে প্রত্যক্ষভাবে পৃষ্ঠিলাভ করবে না। ডাঃ মিলার বলেছেন — “স্বাস্থ্য ভাল রাখার জন্য যা পৃষ্ঠি দরকার তা আমরা দানাশয় শুটি ও শাকসজ্জি থেকেই পেতে পারি।

অনেকের ধারণা আছে যে উল্লিদ প্রোটিন থেকে প্রাণী প্রোটিন উৎকৃষ্ট কারণ উল্লিদ প্রোটিন অসম্পূর্ণ আর প্রাণী প্রোটিন সম্পূর্ণ। আসল কথা হোলো এই যে কিছু কিছু উল্লিদ প্রোটিন সম্পূর্ণ আর কয়েকটি অসম্পূর্ণ উল্লিদ প্রোটিন মিশিয়ে সুষমম প্রোটিন খাদ্য প্রস্তুত করা যায়।

আমেরিকার খাদ্য সংস্থা ১৯৮৮ সালের মার্চমাসে ঘোষণা করেছেন যে পরিকল্পনামূলক উপযুক্তভাবে গ্রহণ করতে পারলে স্বাস্থ্যরক্ষা ও পৃষ্ঠিকারতির

বিচারে নিরামিষ খাদ্য বেশী উপযোগী।

এমন একটি মিথ্যা ধারণা আছে যে মাংসভোজীরা নিরামিষ ভোজীদের চেয়ে বেশী শক্তিশালী, কিন্তু ইয়েল বিশ্ববিদ্যালয়ের প্রফেসর আরভিন্ ফিশা ৩২ জন নিরামিষ ভোজী ও ১৫ জন আমিষ ভোজী মানুষের উপর পরীক্ষা চালিয়ে দেখিয়েছেন যে মাংসভোজীদের চেয়ে নিরামিষ ভোজীদের সহ্য ক্ষমতা অনেক বেশী। তিনি এদের যতক্ষন সন্তুষ্ট হাত উঁচু করে রাখতে পলেচিলেন। এপিপরীক্ষার ফলাফল অত্যন্ত পরিস্কার। ১৫ জন মাংসভোজীদের মধ্যে মাত্র ২ জন পনেরো থেকে ত্রিশ মিনিট তাদের হাত উঁচু করে রাখতে পেরেছিলো। ৩২ জন নিরামিষ ভোজীদের ২২ জন পনেরো থেকে ত্রিশ মিনিট, ৯ জন এক ঘন্টার বেশী, ৪ জন ২ ঘন্টার বেশী ও এক জন তিন ঘন্টার বেশী হাত উঁচু রাখতে পেরেছিলো।

অনেক দীর্ঘদূরত্বের দৌড়ীর প্রতিযোগিতার পূর্বে কয়েকদিন নিরামিষ খাদ্য গ্রহণ করেন। বিখ্যাত নিরামিষ খাদ্যে বিশ্বসী ডঃ বারবারা মোর সাতাশ ঘন্টা তিরিশ মিনিটে একশত দশমাইল দৌড় শেষ করেছিলেন। ছাপ্পান বৎসর বয়সী এক মহিলা কমবয়সীদের সমস্ত রেকর্ড ভেঙ্গে দিয়েছিলেন। আমি একটা আদর্শ হতে চাই যাতে লোকে জানতে পারে যে যারা নিরামিষ খাদ্য খায় তাহারা শক্তিশালী দেহ, স্বাস্থ্য মন ও নির্মল জীবন যাপনে সক্ষম।

